
# নবীগণ - ৩



Published by the Comic Bible Society, LLC
Copyright © 2021


Kingstone Comics maintains copyright to this comic book as provided by United States copyright law.

Print and digital copies of this version may be freely distributed without penalty under a Creative Commons license.


যোয়েল
আনুমানিক ৮০০ খ্রীষ্টপূর্বাব্দ।
ভাববাদী যোয়েল সম্পর্কে খুব বেশি কিছু জানা যায় না, কেবল মাত্র তার নাম,যার অর্থ —সদাপ্রভুই ঈশ্বর।চ
তিনি কোন গোষ্ঠী থেকে এসেছেন তা জানা যায়নি। তিনি কেবল পথূয়েলের পুত্র হিসেবে পরিচিত ছিলেন।
ঈশ্বর দ্বারা পাঠানো এক তীব্র পঙ্গপালেরআঘাতে ইস্রায়েলের কৃষিজমি ধ্বংস হয়েগেছিল।
এবং যোয়েলসদাপ্রভুর কাছ থেকে পাওয়া একই গুরুতর বার্তার প্রতি সমানভাবেসাড়া দিয়েছিলেন।
মাতালরা, জেগে ওঠো ও কাঁদো, কারণ সব আঙুর নষ্ট হয়ে গেছে, এবং তোমাদের সমস্ত মদ শেষ হয়ে গেছে!
সংখ্যাহীন একটি শক্তিশালী জাতি সমস্ত আঙুরের লতা নষ্ট করেছে এবং ডুমুর গাছ ধ্বংস করেছে।
কষ্ট ও দুঃখ সর্বত্র।
শস্য, আঙ্গুর, অলিভ তেল শেষ হয়ে গেছে।
আপেল গাছেতেই শুকিয়ে গেছে; তাদের সাথে সমস্ত আনন্দও শুকিয়ে গেছে।

যোয়েল১:১-১২


হে যাজকেরা - তোমরা চটের পোশাক পরো।
বেদীর সামনে সারারাত শুয়ে কাঁদো।
কারণ এখানে আর শস্য এবং আঙুর রসের নৈবেদ্য নেই।
উপবাস ঘোষণা করো; একটি বিশেষ সভার আহ্বান করো।
প্রাচীনদের এবং লোকদের সদাপ্রভুর মন্দিরে নিয়ে এসো এবং সেখানে তাঁর সামনে কাঁদো।
খালি গোলাগুলির পাশে বীজ মাটিতে পচে যায়।
ক্ষেতের মধ্যে শস্য শুকিয়ে গিয়েছে এবংগবাদিপশুরা খিধেয় আর্তনাদ করে এবং ভেড়া কষ্টে আর্তনাদ করে।
সদাপ্রভু, আমাদের সাহায্য করুন! চারণভূমি এবং গাছপালা সব পুড়ে গেছে - তাদের জন্য জল নেই।
যোয়েল১:১৩-২০


শিঙ্গা বাজাও এবং সমস্ত মানুষকে একত্রিত করো ...
... কারণ সদাপ্রভুর দিন আসছে।
এটি কালো মেঘ এবং ঘন অন্ধকারের দিন।
কতই না শক্তিশালী বাহিনী - তারা পাহাড়রাতের মতোঢেকে রাখে!
তাদের সামনেএদোন উদ্যানের মতো জমি কিন্তু তাদের পিছনে - কেবল নির্জনতা।চ
তারা ঘোড়ার মতো দ্রুত দৌড়ায় এবং পাহাড়ের চূড়াঅতিক্রম করে!চ
তাদের আওয়াজ শোনো ... তাদের আওয়াজ রথের গর্জনের মতো।চ
তারা পদাতিকের মতো আক্রমন করে - এবং সৈন্যদের মতো দেয়াল আরোহন করে।চ
তারা ঘরে প্রবেশ করে জানালা দিয়ে চোরের মতো।চ
সদাপ্রভুর দিনটি ভয়ঙ্কর কে তা সহ্য করতে পারে?!চ

যোয়েল ২:১-১১



ঈশ্বর বলেন, তোমরা তাঁর কাছে সমস্ত হৃদয় নিয়ে ফিরে যাও।
তোমাদের অনুশোচনা তোমাদের অন্তরকেছিন্নভিন্ন করুক তোমাদের পোশাক নয়।
তিনি দয়ালু ও করুণাময়।
কে জানে? তিনি এর জন্য আশীর্বাদ করতে পারেন।
সদাপ্রভু তাঁর লোকেদের প্রতি করুণা করবেন এবং তাঁর দেশের সম্মানের জন্য ক্ষুব্ধ হবেন!
তিনি ভুট্টা, আঙুরের রস এবং তেল পাঠাবেন।
ঈশ্বর যা বলছেন তা শোনো। পঙ্গপাল যেসব ফসল খেয়েছে তা আমি তোমাদের ফিরিয়ে দেব! - আমার মহা ধ্বংসকারী সেনা যা আমি তোমার বিরুদ্ধে পাঠিয়েছি।
তোমাদেরখাবার জন্য পর্যাপ্ত খাদ্যতোমরা পাবে এবং তোমরা জানবে যে আমি ইস্রায়েলে আছি।৮
ঈশ্বর বলেন যে তাঁর লোকেরা আর কখনও লজ্জিত হবে না।


এই পার্থিব আশীর্বাদের সঙ্গে আধ্যাত্মিক আশীর্বাদগুলিও দেওয়া হবে।
তোমাদের পুত্র-কন্যারা ভবিষ্যদ্বাণী করবে, তোমাদের বৃদ্ধরা স্বপ্ন দেখবে এবং তোমাদের যুবকেরা স্বপ্ন দেখবে।
আমার দাসদের উপর, পুরুষ এবং মহিলা সবার উপরে সমানভাবে, আমি আমার আত্মা ঢেলে দেব।
পৃথিবী এবং আকাশে আশ্চর্য জিনিস ঘটবে ...
সদাপ্রভুর মহান এবং ভয়ঙ্কর দিন আসার আগে সূর্য অন্ধকার হয়ে যাবে এবং চাঁদের রক্ত বর্ণের মতো হয়ে যাবে।
কিন্তু যে কেউ সদাপ্রভুর নাম ধরে ডাকবে সে রক্ষা পাবে।
এমনকি জেরুশালেম থেকেও অনেকেরক্ষা পাবে - কারণ সে বেঁচে থাকার জন্য কাউকে বেছে নিয়েছে।
যোয়েল২:২৮-৩১


যিহূদাকে পুনরুদ্ধার করার পর আমি জগতের সেনাবাহিনীকে ‌উপত্যকা যেখানে যিহোবা বিচার করেনচ একত্রিত করব। [১]
তারা আমার লোকদের তাদের ক্রীতদাস হিসাবে বিভক্ত করেছে; তারা একটি অল্পবয়স্ক ছেলেকে একটি বেশ্যার জন্য বিক্রি করেছে, এবং একটি ছোট মেয়েকে পর্যাপ্ত পরিমাণে মদ পান করার জন্য বিক্রি করেছে।



এখন তোমাদের লাঙ্গলের ফলাকেঅস্ত্রে পরিণত করো এবং তোমাদেরকাস্তাকে বর্শায় পরিণত করো।
যিহোশাফটের উপত্যকায় আমি সমস্ত জাতির বিচার করব।
এখন কাস্তাকে তার কাজ করতে দাও; ফসল পেকে গেছে এবং অপেক্ষা করছে। আঙুর কুন্ডে আঙুর মাড়াই করো, কারণ এটি এই লোকদের দুষ্টতায় ভরে গেছে।
[১] এই ৩ অধ্যায়ের মধ্যে ভাববাদী যোয়েল খ্রীষ্টের দ্বিতীয় আগমনেরপরের সময়কে তুলে ধরেছেনযেখানেঈশ্বর সমস্ত জাতিকে তাদের কাজের জন্য বিচার করবেন।
যোয়েল৩:১-১৩


–সদাপ্রভু তাঁর মন্দির থেকে উচ্চরবে ঘোষণা করবেন।চ
–পৃথিবী ও আকাশমন্ডল কেঁপে উঠবে, কিন্তু সদাপ্রভু তাঁর লোকদের প্রতি কোমল হবেন।চ
পাহাড় থেকে আঙুরের রস আসবে আর পাহাড় থেকে দুধ।
ঝরনাগুলি জলে ভরে যাবে এবং সদাপ্রভুর মন্দির থেকে একটি ফোয়ারা বার হয়ে আসবে।
কিন্তু ইস্রায়েল চিরকালের জন্য সমৃদ্ধ হবে, এবং জেরুশালেম প্রজন্মের সাথে সাথে সমৃদ্ধ হতে থাকবে।
কারণ আমার বাড়ি জেরুশালেমে আমার লোকদের সঙ্গেই থাকবে।

যোয়েল ৩:১৬-২১



আমোষ
৭৫২খ্রীষ্টপূর্বাব্দ
আমোষ জেরুশালেম থেকে দশ মাইল দক্ষিণে একটি ছোট গ্রাম তকোয়ার একজন ভাববাদী ছিলেন।
তিনি জীবিকা নির্বাহের জন্য ভেড়ার পালের এবং ডুমুর গাছের দেখাশোনা করতেন।
তার নামের অর্থ “বোঝা বহনকারী” এবং তিনি ৭৫২ খ্রীষ্টপূর্বাব্দে ভবিষ্যদ্বাণী করা শুরু করেছিলেন ...
দুই বছর আগে জেরুশালেম একটি শক্তিশালী ভূমিকম্পে আক্রান্ত হয়েছিল যা তার নাগরিকদের আতঙ্কিত করেছিল।
সেই সময়ে উষিয় ছিলেন যিহূদার রাজা এবং দ্বিতীয় যারবিয়াম ছিলেন ইস্রায়েলের রাজা।
আমোষ ভাববাদী হোশেয়, যোনা এবং যিশাইয়ের মতো একই সময়ে ভবিষ্যদ্বাণী করেছিলেন।
সেই সময়ে ইস্রায়েল জাতি সমৃদ্ধি এবং শান্তির একবিশেষ সময় উপভোগ করছিল।
এর কারণ হতে পারে,অসরিয়েরাযোনার প্রচার করার সময় অনুতপ্ত হয়েছিল এবং তারা আর ভয়ের কারণ ছিল না।


আমোষ ১:১


আমোষ ইস্রায়েলের শত্রুদের নিন্দা করার দ্বারা তাঁর
ভবিষ্যদ্বাণী শুরু করেছিলেন, যা তাদের দৃষ্টি আকর্ষণ করেছিল।
দামাস্কাস বার বার পাপ করেছে - আমি তাদের খিলগুলি বন্ধ করে দেব যা তাদের গেটগুলিকে বন্ধ করে।
পলেষ্টীয়রা ইদোমে আমার লোকদের বিক্রি করেছিল - আমি তাদের দেয়ালে আগুন লাগাব।
ঈশ্বর আমাদের শত্রুদের বিচার করবেন!
সোর বন্দীদের সমস্ত সম্প্রদায়কে বিক্রি করেছিল এবং ইদোম তলোয়ার দিয়ে
ইস্রায়েলকে অনুসরণ করেছিল - তাই তাদের দুর্গগুলিও ধ্বংস হয়ে যাবে।চ
আম্মোন গর্ভবতী মহিলাদের উদর উন্মুক্ত করেছে - তাই ঈশ্বর তাকে গ্রাস করবেন।চ
মোয়াব যুদ্ধের আর্তনাদে পরাজিত হবে এবং আমি তার সমস্ত কর্মকর্তাদের ধ্বংস করব।চ


তারপর ভাববাদী যিহূদার লোকদের তারতিরস্কারের তালিকায় রাখলেন ...
এবং যিহূদা ঈশ্বরের বিধি-ব্যবস্থা প্রত্যাখ্যান করে তাই আমি তাদের সমস্ত প্রাসাদ এবং দুর্গ পুড়িয়ে দেব।চ[১]
[১] ৬০৫-৫৮৬খ্রীষ্টপূর্বাব্দে এই ভবিষ্যদ্বাণী পূর্ণ হয় যখন নবুখদনিত্সরজেরুশালেম পুড়িয়ে দেয়।
আমোষ যিহূদার সাথে শুরু করেছিল, শুধুমাত্র যেনতিনিড়ইস্রায়েলের বিষয়েও কিছু বলতে পারেন।
এবং তুমি, ইস্রায়েল, বিচার থেকে রেহাই পাবে না - তুমি দরিদ্রদের পদদলিত করেছ এবং পিতা-পুত্র উভয়ই একই ক্রীতদাসী ব্যবহার করো।চ
তুমি দুবার পাপ করেছ!! তুমি অঙ্গীকারে বিধবাদের পোশাক খুলে ফেলো যদিও বিধি-ব্যবস্থা তোমাকে নির্দেশ দেয় না তারপরতুমি তাদের তোমার মূর্তিরউপাসনায় ব্যবহার করে থাকো!
আমি তোমার আগে এই জমি দখলকারী ইমোরীয়দের ধ্বংস করেছিলাম এবং আমি তোমাকে ভাববাদীদের দিয়েছিলাম।
কিন্তু তুমি তাদের আঙুরের রস পান করিয়েছ এবং তাদের বলেছ যে তারা যেন ভবিষ্যদ্বাণী না করে!চ
মহান শক্তি বা সামরিক অস্ত্র কেউই ঈশ্বরের বিচারকেপ্রতিরোধ করতে পারবে না যখন তিনি তাঁর বিচার কার্যকর করার জন্য অসরিয়দের ব্যবহার করবেন।চ

আমোষ ২:৪-১৬


আমি মিশর থেকে বের করে আনা পুরো পরিবারের বিরুদ্ধে কথা বলছি যিহূদা এবং ইস্রায়েল উভয়েরই বিরুদ্ধে।চ
নিশ্চয়ই তুমি তোমার পাপের শাস্তি পাবে।চ
শিকার না পেলে কি সিংহ গর্জন করে?
ফাঁদ ছাড়া কি একটি পাখি ফাঁদে পড়ে?
শিঙ্গা বাজলে মানুষ কি কেঁপে ওঠে না?
বিচার আসছে কিন্তু ঈশ্বর অনুগ্রহ করে তোমাদের তাঁর ভাববাদীদের মাধ্যমে সতর্ক করছেন।
যেমন একজন রাখাল সিংহের মুখ থেকে কেবল দুটি পায়ের হাড় এবং একটি কান বাঁচাতে পারে - তেমনি ইস্রায়েলও রক্ষা পাবে।চ
যেদিন আমি ইস্রায়েলকে তার পাপের জন্য শাস্তি দেব সেদিন আমি বেথেলের [১] মিথ্যা বেদীগুলি ধ্বংস করব।চ
[১] ইস্রায়েলে মূর্তি পূজার প্রধান স্থান। যারবিয়াম বেথেলে বেদী তৈরি করেছিলেন যাতে লোকেরা জেরুশালেমে যেতে না পারে যেখানে ঈশ্বর তাদের তাঁর বেদীতে উপাসনা করতে বলেছিলেন।


আর তোমরা বাশানের মোটা গরু সকল! তোমরাতোমাদের স্বামীদের লুণ্ঠন এবং অভাবগ্রস্তদের পিষ্ট করতে উৎসাহিত করো- এবং তোমরাকখনই পান করে সন্তুষ্ট হও না!
সদাপ্রভু বলেন, তোমাদের চোয়ালেবর্ষি আটকিয়ে[১] তোমাদের নিয়ে যাওয়া হবে।
[১] অসরিয়রা বন্দীদের চোয়ালের মধ্যে বর্ষি লাগিয়ে তাদের একসঙ্গে সংযুক্ত করবে যাতে তারাপালিয়েযেতে না পারে।
খরা, দুর্ভিক্ষ, পঙ্গপাল এবং সামরিক পরাজয়ের মাধ্যমে ঈশ্বর তোমাদের সতর্ক করেছিলেন - তবুও তোমরা এখনও তাঁর কাছে ফিরে যাও নি।
হে ইস্রায়েল, তোমার ঈশ্বরের সঙ্গে সাক্ষাত করার জন্য প্রস্তুত হও।
ঈশ্বরের প্রশংসা করা উচিত - তিনি পাহাড় এবং বাতাস তৈরি করেছেন।
এবং তিনি মানুষের কাছে তার চিন্তা প্রকাশ করেন - সর্বশক্তিমান ঈশ্বর তাঁর নাম।

আমোষ৪:১-১৩



ইস্রায়েলকে পরাজিত করার সময় হত্যার সংখ্যা এত বড় হবে যে দশজনের মধ্যে নয়জনকে হত্যা করা হবে।
শহরের ফটকে ন্যায়বিচার প্রবল হওয়া উচিত ছিল, কিন্তু তোমরা ন্যায়কে তিক্ত উদ্ভিতের মতো তিক্ত করে তুলেছ।
তোমরা ঘুষ নাও এবং বিচার সভায় দরিদ্রদের ন্যায়বিচার দেও না।
যে সত্য বলে তাকে তোমরা ঘৃণা করো।
আমার অন্বেষণ করো তাহলে রক্ষা পাবে!
বেথেলে মিথ্যা মূর্তির কাছে তোমরা যেয়ো না।
মন্দ থেকে পালাও তবে রক্ষা পাবে! তোমরা বিচার সভাগুলিকে ন্যায় বিচারের সভায় পরিণত করো।
সদাপ্রভু বাহিনীদের ঈশ্বর সম্ভবত তাঁর অবশিষ্ট লোকদের প্রতি দয়া করবেন।


সর্বত্র চোখের জল দেখতে পাওয়া যাবে।চ
এই কথা বোলো না,ও যদি শুধু সদাপ্রভুর দিন এখানে থাকত,কারণ সেই দিনটি কেবল অন্ধকার এবং ঘোর অন্ধকারের হবে।চ
এটি এমন হবে যখন একজন মানুষকে সিংহতাড়া করবে কিন্তু তারপর সে ভাল্লুকের হাতে পড়বে।চ
অথবা অন্ধকার ঘরে এমন একজন ব্যক্তি যে দেয়ালে হেলান দিয়ে সাপের গায়ে হাত দেবে।চ
এটি তোমাদের জন্য একটি অন্ধকারের এবং হতাশার দিন হবে।চ
আমি তোমাদের ধর্মীয় উৎসব ও সমাবেশের ভণ্ডামিকে ঘৃণা করি। তোমার গানগুলো আমার কানে শুধুই হট্টগোলের মতো শোনায়।
আমি যা দেখতে চাই তা হোল ন্যায়বিচারের যেন বন্যার মতো প্রবাহিত হয়।চ
তোমরা মরুভূমিতে থাকাকালীন আমাকে বলি উত্সর্গকরেছিলে - কিন্তু তোমাদের হৃদয় তোমাদেরপরজাতিদের দেবতা সিক্কুত এবং কীয়ূনের প্রতিই রয়েছে।চ
সর্বশক্তিমান ঈশ্বর বলেন, আমি তাদেরওতোমাদের সাথে দামাস্কাসের বাইরে বন্দী করে পাঠাব।চ[১]
[১] ৭৩২খ্রীষ্টপূর্বাব্দে অসরিয়াদামাস্কাস এবং পরে৭২২খ্রীষ্টপূর্বাব্দেইস্রায়েল জয় করে।



‒তোমরা যারা বিলাসে মত্ত হয়ে আছোকলনীতে, হমাথ এবং গাথের কী হয়েছিল তা দেখ। তোমরা কি মনে করো তোমরাতাদের থেকেওভালো?চ
‒তোমরা বাটিভর্তি করে আঙুরের রস পান করে থাকো এবং উত্কৃষ্টমানের তেল মেখে থাকো, তোমরা তোমাদের দরিদ্র ভাইদের কিছুই যত্ন করো না।চ
‒তোমাদেরই প্রথম দাস হিসেবে গ্রহণ করা হবে।চ
সর্বশক্তিমান সদাপ্রভু তাঁর নিজের নামে শপথ করেছেন, ‒আমি ইস্রায়েলের গর্ব এবং মিথ্যা গৌরবকে তুচ্ছ বলে মনে করি এবং সুন্দর বাড়িগুলিকে ঘৃণা করি।চ
‒আমি এই শহর এবং তার সবকিছুই তার শত্রুদের হাতে তুলে দেব।চ
‒আমিতোমাদের বিরুদ্ধে এমন একটি জাতিকে নিয়ে আসব যারা তোমাদের উত্তর থেকে দক্ষিণে কঠোরভাবে অত্যাচার করবে।চ


আমোষ ৬:১-১৪



তারপর আমোষ তাদের তাকে দেওয়া সদাপ্রভুর পাঁচটি ভিন্নভিন্নদর্শনের কথা বললেন।
সদাপ্রভু জমি ধ্বংস করার জন্য পঙ্গপালের বিশাল ঝাঁক প্রস্তুত করছিলেন, কিন্তু আমি তাঁকে ডেকেছিলাম ...
হে সদাপ্রভু ঈশ্বর, দয়া করে ক্ষমা করুন, কারণইস্রায়েল খুবই ছোট!
আমি তাদের প্রতি দয়া করব।
তখন আমি দেখলাম যে সদাপ্রভু এক বড় আগুন তাদের শাস্তি দিতে এবং সেই দেশকে গ্রাস করার জন্য সদাপ্রভু প্রস্তুত করেছিলেন।
হে সদাপ্রভু ঈশ্বর, দয়া করে তা করবেন না! যদি আপনি তাদের বিরুদ্ধে যান, তাহলে আর কি কোনো আশা আছে?
আমি আবার করুণা প্রদর্শন করব।
আমোষ, তুমি কি দেখছ?
একটি ওলনদড়ি।
আমি আমার লোকদের একটি ওলনদড়ি দিয়ে পরীক্ষা করব।
ইস্রায়েলের মূর্তির বেদীগুলি এবং মন্দির ধ্বংস করা হবে, এবং আমি তরবারি দ্বারা রাজা যারবিয়ামের রাজবংশকে ধ্বংস করব।


অমৎসিয়যাজক বলছেন,আমোষ বিশ্বাসঘাতক।
তিনি বলেন, তোমাকে হত্যা করা হবে এবং ইস্রায়েলকে নির্বাসনে পাঠানো হবে।
অমৎসিয়কেবলো যে ভাববাদী তার সাথে কথা বলবে।
এখান থেকে চলে যাও, তুমি ভাববাদী! যিহূদায় ফিরে যাও এবং সেখানে ভবিষ্যদ্বাণী করো!
আমাদের এখানে বিরক্ত করো না।
আমি ভাববাদী নই আর আমি কোন ভাববাদীরছেলেও নই। আমি কেবল একজন রাখাল এবং ফল সংগ্রাহক।
কিন্তু সদাসদাপ্রভু আমাকে পাল থেকে নিয়ে গেলেন এবং আমাকে বললেন, “যাও এবং আমার লোক ইস্রায়েলের কাছে ভবিষ্যদ্বাণী করো।চ
কিন্তু এখন সদাপ্রভুর এই বার্তা শোনো ....
কারণ তুমি হস্তক্ষেপ করেছতোমার স্ত্রী এই শহরের মধ্যেএকজন বেশ্যা হবে। তোমার সন্তানদের হত্যা করা হবে, এবং তোমার জমি ভাগ করা হবে।
তুমি একটি পরজাতিদের দেশে মারা যাবে, এবং ইস্রায়েলের লোকেরা অবশ্যই ক্রীতদাসে পরিণত হবে।


তখন সদাপ্রভু আমাকে আরেকটি দর্শন দেখালেন - পাকা ফলের একটি ঝুড়ি।
এরা আমার প্রজা শাস্তির জন্য প্রস্তুত হয়ে আছে।
তোমরা লোভী লোক যারা দরিদ্রদের লুঠ করেতোমরা পবিত্র দিন শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা করতে পারো না যাতে তোমরা আবার লুন্ঠন শুরু করতে পার।চ
সদাপ্রভু বলেন কারণ তোমরা শুনতে চাও নি, তিনি একটি দুর্ভিক্ষ পাঠাবেনড় রুটি বা জলের জন্য নয় - বরং তাঁর বাক্য শোনার জন্য।
লোকেরা সর্বত্র ঘুরে বেড়াবে - কিন্তু তা খুঁজে পাবে না।
যারা শমরীয়ার, দান এবং বের্শেবার মূর্তি পূজা করে তারা পতিত হবে - এবং আর কখনও উঠবে না।চ


আমি সদাপ্রভুকে বেদীর পাশে দাঁড়িয়ে থাকতে দেখেছি ...চ
স্তম্ভগুলি ভেঙে ফেলো যেন মন্দিরটি কেঁপে ওঠে।
যারা পালাবে তারা রক্ষা পাবে না; তাদের সবাইকে হত্যা করা হবে।
যদি তারা সমুদ্রের তলায় লুকায়, আমি তাদের ধ্বংস করার জন্য সমুদ্রের সাপ পাঠাব।
আমি দেখব যেনতাদের সঙ্গেমন্দ জিনিসই ঘটে এবং ভাল কিছু না হয়।
সদাপ্রভু ঈশ্বরের চোখ ইস্রায়েলকে দেখছে ... এবং আমি তাকে শিকড় সমেত তুলে ফেলব এবং তাকে সমস্ত জগতে ছড়িয়ে দেব।
তবুও এটি স্থায়ী হবে না।
আমি যখন আমার লোক ইস্রায়েলকে ফিরিয়ে আনব তখন প্রচুর ফসল হবে।চ
আমি তাদের যে জমি দিয়েছি সেখানে আমি তাদের দৃঢ়ভাবে রোপণ করব; তাদের আর টেনে তোলা হবে না, সদাপ্রভু তোমাদের ঈশ্বর তা বলেন।




আদিপুস্তক ২৫:২৩-২৬; গণনাপুস্তক২০:১৪-২১



ওবদিয়ের নামের অর্থ হোল, "সদাপ্রভুর দাস" এবং ঈশ্বর তাঁকে ইদোমের ধ্বংস এবং ঈশ্বরের ভবিষ্যতের রাজ্য উভয়েরই একটি দর্শন দিয়েছেন
সদাপ্রভুর কাছ থেকে একটি বার্তা এসেছে।
যিহূদা, তুমি ইদোমের বিরুদ্ধে তোমার সৈন্য পাঠাবে এবং তাকে ধ্বংস করবে!
ইদোম, তুমি গর্বিত কারণ তুমি উঁচু, দুর্গম পাহাড়ে বসবাস করছ বলে। [১]
সদাপ্রভু বলেন, "আমি তোমাকে নিচে নামিয়ে আনব।"
প্রতিটি ধনসম্পদখুঁজে পাওয়া যাবে - এবং ফিরিয়ে নেওয়া হবে।
[১] ইদোমীয়রা বিশ্বাস করত যে, তাদের গিরিখাতএবং পাহাড়ের চূড়া দিয়ে তাদের বাড়িঘরগুলি ও তাদের রাজধানী পেট্রাঘেরা ছিল,যা তাদের দুর্ভেদ্য করে তুলেছিল।
তোমার সমস্ত মিত্ররা তোমার বিরুদ্ধে যাবে - একজন জ্ঞানী লোকও অবশিষ্ট থাকবে না। [২]
সবচেয়ে শক্তিশালী সৈন্যরা অসহায় হয়ে পড়বে।
এবং কেন? কারণ তুমি যা তোমার ভাই ইস্রায়েলেরপ্রতি করেছ তার জন্য।
এখন তোমার পাপ প্রকাশিত হবে তুমি চিরতরে বিচ্ছিন্ন হয়ে যাবে।
[২] যেহেতু ইদোম রাজার রাজপথে অবস্থিত ছিল, তাদের অনেক জ্ঞানী ব্যক্তি এবং বিচক্ষণ ব্যক্তিরা ছিলেন যারা ভারত, ইউরোপ এবং উত্তর আফ্রিকার ভ্রমণকারীদের যোগাযোগ করেছিলেন এবং তাদের মাধ্যমে জ্ঞান অর্জন করেছিলেন।




তুমি তার প্রয়োজনের সময় ইস্রায়েলকে ছেড়ে চলে গেছ। আক্রমণকারীরা তার সম্পদ বহন করে নিয়ে যাওয়ার সময় এবং জেরুশালেমকে বিভক্ত করার সময় তুমি পিছনে দাঁড়িয়েছিলে।
যখন তাদের বিদেশে নিয়ে যাওয়া হচ্ছিল তখন তোমার তা আগ্রহের সঙ্গে দেখা উচিত হয় নি।চ
এবং তাদের বিপর্যয়ের দিনে তুমি ইস্রায়েলকে লুণ্ঠন করেছিলে।চ
তুমি এমনকি রাস্তার মোড়ে দাঁড়িয়েছিলেন এবং যারা পালানোর চেষ্টা করছিল তাদের হত্যা করেছিলে।চ
তুমি জীবিতদের ধরে এনে তাদের শত্রুদের কাছে ফিরিয়ে দিয়েছে।চ
তুমি যেমন করেছ - তেমনি তাতোমার সাথেও করা হবে।চ
তুমি আমার পেয়ালা পান করলে, এবং তোমার চারপাশের দেশগুলিও এটি পান করবে - তারা স্তব্ধ হয়ে যাবে এবং ইতিহাস থেকে অদৃশ্য হয়ে যাবে।চ[১]
[১] যিহূদা তাদের পাপের জন্য সাময়িকভাবে শাস্তি পাবে, কিন্তু ইদোম এবং অন্যান্য জাতি চিরকাল শাস্তি পাবে।


ওবদিয় ১:১১-১৬


কিন্তু ঈশ্বর মুক্তি পাঠাবেন - ইস্রায়েল আবার ভূমি দখল করবেন। [১]
ইদোমের কেউ বাঁচবে না, কারণ সদাপ্রভু এই কথা বলেছেন।চ [২]
[১] ভাগ্যের একটি বিপরীত বিষয় ঘটবে যখন খ্রীষ্ট তাঁরহাজার বছরের রাজ্য স্থাপন করবেন। অব্রাহামের কাছে প্রতিশ্রুত সমস্ত জমি ইস্রায়েল পাবে।
[২] ইদোম এবং এর লোকেরা ইতিহাস থেকে অদৃশ্য হবে।



নেগেভে বসবাসকারী আমার লোকেরা পার্বত্য দেশ ইদোম দখল করবে।চ


তারা পলেষ্টীয়দের সমভূমি, শমরীয়ের ক্ষেত্র এবং ফৈনিকিয়ার উপকূলীয় অঞ্চল অধিকার করবে।চ
উদ্ধারকারীরা জেরুশালেমে আসবে এবং [৩] সমস্ত ইদোম শাসন করবে। এবং সদাপ্রভু রাজা হবেন!
[৩] ইস্রায়েলের সময়ে যেমন বিচারক ছিলেন তেমনি হাজার বছরের রাজ্যে ঈশ্বর অনুরূপ নেতা প্রতিষ্ঠা করবেন।

ওবদিয় ১:১৭-২১


মীখা
মীখার বইটি মীখা ভাববাদী লিখেছিলেন।
তার নাম ছিল মীখাইয় নামের সংক্ষিপ্ত রূপ, যার অর্থ, “কে সদাপ্রভুর মতো?”
তিনি এই নামের অর্থটি তার নামে ব্যবহার করে যিহূদার লোকযাদের কাছে তাকে পাঠানো হয়েছিল এই একই প্রশ্ন জিজ্ঞাসা করবেন।
তিনি যিহূদার রাজা যোথম, আহস এবং হিষ্কিয়ের রাজত্বকালে ভবিষ্যদ্বাণী করেছিলেন ...
যখন ইস্রায়েলের উত্তরাঞ্চলীয় রাজ্য অসিরিয়ের হাতে পতিতহতে যাচ্ছিলতারা তখনকার জগতে কর্তৃত্ব করছিল।
তিনি তাঁরলোকেদের শাসকদের বিরুদ্ধে তাদের অন্যায়ের জন্য এবং নাগরিকদের ভেঙ্গে পড়া মূল্যবোধের জন্য জোরালো অভিযোগ করেছিলেন।


রাজা উষিয় একটি সমৃদ্ধ রাজত্ব উপভোগ করেছিলেন কিন্তু তাঁর পুত্র যোথম মূর্তিপূজার কেন্দ্রগুলি ধ্বংস করতে অস্বীকার করেছিলেন।
তারপর রাজা আহস, তিনিও তা অনুসরণ করেছিলেন, জনগণকে মন্দ পথে পরিচালিত করতে লাগলেন।
মীখা উল্লেখ করেছিলেন যে তাদের সমৃদ্ধি একটি বিভ্রম, এবংকনানের প্রজনন দেবতা বালের উপাসনা দুর্নীতির একটি মুখোশ মাত্র।
বিচার সভার পরিভাষা ব্যবহার করে, মীখা তাঁর বার্তাটি তিনটি অংশে প্রচারকরেছিলেন।
আমোষ যেমন ইস্রায়েলকে তাদের অন্যায়ের বিষয়ে ভবিষ্যদ্বাণী করেছিলেন, ঠিকমীখাও তেমনি যিহূদার বিরুদ্ধে ভবিষ্যদ্বাণী করছিলেন।
উনি কে? আমাদের কি তার কথা শোনা উচিত?
না, আর একজন কৃষক শহরে এসেছেএবং অনুগামীদের জড়ো করার চেষ্টা করছে।
এমন সব লোকের কাছে তিনি প্রচার করছিলেন যারা মন্দকে তার সমস্ত রূপে অনুসরণ করতে চায় - মীখা ঈশ্বরের বিচার, দুর্নীতিগ্রস্ত নেতাদের সাথে তাঁর আচরণ এবং মানুষের ভবিষ্যৎ মুক্তির বিষয়ে ভবিষ্যদ্বাণী করেছিলেন।


তোমরা সকল জাতি বিচার সভায় প্রবেশ করো - যাতে সদাপ্রভু তাঁর পবিত্র মন্দিরে তোমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিতে পারেন।
দেখো! তিনি স্বর্গে তার সিংহাসন ছেড়ে পৃথিবীতে আসছেন। পাহাড়ের চূড়াগুলি তার পায়ের নীচে গলে যায় এবং উপত্যকাগুলি প্রবাহিত হয়আগুনে গলে যাওয়া মোমের মতো।
তার সমস্ত খোদাই করা মূর্তিগুলি টুকরো টুকরো করা হবে - তার মন্দিরগুলি আগুনে ধ্বংস হবে।চ
তারা ব্যভিচারীদের মজুরির মতো ছিল এবং ব্যভিচারীদের মজুরির মতো তাদের আবার ব্যবহার করা হবে।চ[১]
[১] মূর্তিপূজার জায়গায় ধর্মভ্রষ্টব্যভিচারীদের অর্থ, খাদ্য এবং বস্ত্র প্রদান করা হয়। ইস্রায়েলের মন্দির থেকে নেওয়া সোনা এবং রুপোঅসরিয় হানাদাররা তাদের নিজস্ব মূর্তি পূজার জন্য ব্যবহার করে।
আমি কাঁদছি এবং শোক করছি কারণ শমরীয়ের মহামারী আমার লোকুজেরুশালেমদরজায়এসেছে।চ
তার ক্ষতঅনিরাময় যোগ্য।চ
তোমাদের ছোটদের জন্য কাঁদোতোমরা তাদের আর কখনও দেখতে পাবে না কারণ তারা ক্রীতদাস হবে।চ
শকুনের মতোতোমাদের টাক বানাও।চ[২]
[২] যাজকদের টাক হওয়া উচিত ছিল না (লেবীয় পুস্তক ২১:৫) এবং জনগণকে তা করতে গিয়ে পরজাতিদের মতো হতে হয়নি, কিন্তু এখানে এটি গভীর শোকের চিহ্ন হিসাবে করা হবে।


ধিক্ তোমাদের যারা মন্দ পরিকল্পনা করে - তোমরা অত্যাচারীরা তোমাদের বিচার হবে!
তোমরা ক্ষেতের লোভ করে থাকো এবং তার বাড়ির একজন লোককে প্রতারণা করো।
অতএব, ঈশ্বর তোমাদের বিরুদ্ধে একটি বড় আঘাতের পরিকল্পনা করছেন।
তোমরা বিধবাদের বাড়ি থেকে তাদের বিতাড়িত করেছ এবং তাদের ঈশ্বর প্রদত্ত অধিকার থেকে তাদের সন্তানদের কেড়ে নিয়েছ
এখন - ঈশ্বর এই দেশ থেকে তোমাদের বমির মতো বাইরে ফেলে দেবেন।চ
কিন্তু, হে ইস্রায়েল, ঈশ্বর তোমাকে উদ্ধার করবেন এবং তোমাকে আবার একত্রিত করবেন ভেড়ার পালের মতো, একটি চারণভূমির পালের মত - একটি সুখী জনগণ।চ
মশীহতোমাদেরকে নির্বাসন থেকে বের করে আনবেন এবং তোমাদের বন্দী শহরগুলির দরজা দিয়ে তোমাদের নিজের দেশে ফিরিয়ে আনবেন।চ



এবং তোমরা শাসকরাতোমাদের মন্দকেঁ ঘৃণা করা উচিত.এবং কেবল ভালো জিনিসকেই প্রেম করা উচিত।
আর সমস্ত ভাববাদীরা তোমরা যারা আমার জাতিকে বিপথগামী করেছ - রাত এবং অন্ধকার তোমাদের উপর আসবে।
তোমরা জেরুশালেমের নেতারা রক্তপাত এবং দুষ্টতা দিয়ে শহরটিকে গড়ে তুলেছ।চ
তোমরা নেতারা টাকার জন্য বিচার করো এবং তোমরা যাজকেরা শুধুমাত্র টাকার জন্য শিক্ষা দাও।চ
কিন্তু আমার জন্য, আমি সদাপ্রভুর আত্মার শক্তি দ্বারা পরিপূর্ণ, নির্ভয়ে ইস্রায়েল ও যিহূদার বিরুদ্ধে তাদের পাপের জন্য ঈশ্বরের শাস্তি ঘোষণা করছি।

মীখা৩


কিন্তু শেষ সময়ে সিয়োন পর্বত সব পর্বতের মধ্যে সবচেয়ে বিখ্যাত হবে, যা সমস্ত জাতির দ্বারা প্রশংসিত হবে; সারা বিশ্বের মানুষ সেখানে তীর্থযাত্রা করবে।চ
সেই সময়ে, সমগ্র বিশ্ব সদাপ্রভুর দ্বারা জেরুশালেম থেকে শাসিত হবে!চ[১]
[১] চতুর্থ অধ্যায়ের প্রথম অংশে মীখা ভবিষ্যতেযখন মশীহ হাজার বছর ধরে শাসন করবেন এবং সেই রাজ্যের জীবনযাপনকেমন হবে তার বর্ণনা করেছেন।
তারা তাদের তলোয়ারকে লাঙলের ফলা হিসাবে এবং তাদের বর্শাকে কাস্তায় পরিণত করবে; জাতিগুলি আর একে অপরের সাথে যুদ্ধ করবে না, কারণ সমস্ত যুদ্ধ শেষ হবে।
কিন্তু আপাতত, সিয়ন কন্যা, তোমাকে শহর ছেড়ে চলে যেতে হবে - তুমি ব্যাবিলনে যাবে।চ[২]
[২] সেই সময়ে ইহুদি লোকেদের কাছে এটি অসম্ভব বলে মনে হবে কারণ ব্যাবিলনের সঙ্গে অসরিয় বিশ্ব ক্ষমতার কর্তৃত্বে ছিল। কিন্তু ব্যাবিলন ক্ষমতায় আরোহণ করেছিল এবং জেরুশালেম জয় করেছিল।
এই সকল জাতি তোমার বিরুদ্ধে জড়ো হয়েছে, কিন্তু তারা সদাপ্রভুর পরিকল্পনা বুঝতে পারছে না।চ
কারণ সেই সময় আসবে যখন সদাপ্রভু তাঁর লোকেদের শত্রুদের আটির মতো খামারে সমবেত করবেন,তারা ইস্রায়েলের সামনে অসহায় হয়ে পড়বে।চ



“হে বেথেলহেম ইফ্রাথা, তুমি যিহূদারছোট একটি গ্রাম, তবুও তুমি আমার রাজার জন্মস্থান হবে যিনি অতীতথেকেই অনাদিকাল থেকে আছেন!” [১]
[১] বেথলেহেম ছিল যীশু খ্রীষ্টের জন্মস্থান।
“ঈশ্বর তার লোকদের তাদের শত্রুদের কাছে ত্যাগ করবেন যতক্ষণ না সে [২] সন্তানের জন্ম দেয়; তারপরেইস্রায়েলের নির্বাসিত অবশিষ্টলোকেরা তাদের ভাইদের সাথে তাদের নিজ দেশে ফিরে আসবে। [৩]
[২] ইস্রায়েল জাতি।
[৩] মনোনীতদের যীশু খ্রীষ্টের দ্বিতীয় আগমনের সময় জড়ো করা হবে।
তাঁর বিশ্বস্ততার আলোকে তোমরা কিভাবে বাহ্যিকভাবে ধর্মীয় হতে পারো কিন্তু অন্তরেতাঁর প্রতি বিদ্রোহকরতে পারো?
ঈশ্বর বলেন - “দাঁড়াও এবং আমার বিরুদ্ধে তোমাদের অভিযোগ দাও। তোমাদের অভিযোগের সাক্ষী হিসাবে পাহাড় ও পর্বতকে ডাকা হোক।”
ঈশ্বর এই সমস্তবলিদান চান না।
তিনি তোমাদের যা বলার তা তিনি বলেছেন এবং তা হল সত্য, ধার্মিকতা, করুণা এবং তোমারঈশ্বরের সাথে নম্রভাবে চলো।
মীখা৫-৬:৮


অতএব, এই লাঠি আমি তোমাদের বিরুদ্ধে পাঠাব...চ
তোমাদের সমস্ত পাপের জন্য তোমাদের হৃদয় দুঃখিত হবে।চ
তোমরা খাবে কিন্তু তৃপ্ত হবে না।চ
তোমরা যা কিছু অল্প সঞ্চয় করেছ আমি তাদেরকে সব দেব যারা তোমাদের জয় করবে।চ
তোমরা ফসল লাগাবে কিন্তু ফসল কাটতে পারবে না।চ
কিন্তু আমি - আমি ঈশ্বরের কাজ দেখতে থাকব।
তোমার মতো আর কোন ঈশ্বর কোথায় আছে, যিনি পাপ ক্ষমা করেন এবং অপরাধ ক্ষমা করেন?
তুমিতোমার লোকদের উপর রাগ করে থাকতে পারো না, কারণ তুমি দয়া করতে ভালোবাস।
তুমি আমাদের প্রতি তোমার ভালোবাসা স্থাপন করবে, যেমন তুমি আমাদের পিতা অব্রাহামেরকাছে প্রতিজ্ঞা করেছিলে!
মীখা৬:১৯-৭:২০

"THE BIBLE EXPLAINED IN EVERY LANGUAGE."





**SUPERBIBLE.TV**